



জনাব কামরুন নাহার
হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ)

জনাব কামরুন নাহার ০৭ মে ২০২৪ খ্রিঃ তারিখে রোজ মঙ্গলবার হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তিনি ০৯ জানুয়ারী, ১৯৬৬ সালে চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া থানার অন্তর্গত ঘাটচেক গ্রামের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম আবদুল মুনাফ এবং মাতার নাম ফিরোজা বেগম। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই সন্তানের জননী। জনাব কামরুন নাহার চট্টগ্রামস্থ ডাঃ খাস্তগীর বালিকা উচ্চ বিদ্যালয় হতে ১৯৮১ সালে মাধ্যমিক, চট্টগ্রাম কলেজ হতে ১৯৮৩ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ব্যবস্থাপনা বিভাগে ভর্তি হন। ১৯৮৬ সালে তিনি স্নাতক ও ১৯৮৭ সালে সফলতার সাথে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। জনাব কামরুন নাহার ১০ম বিসিএস (অডিট এন্ড একাউন্টস) এ উত্তীর্ণ হয়ে সহকারী মহা-হিসাব রক্ষক (প্রবেশনার) হিসাবে ১১/১২/১৯৯১ খ্রিঃ তারিখে যোগদান করেন। পরবর্তীতে তিনি পেশাগত প্রশিক্ষণ শেষে রেলওয়ে একাউন্টস এ সহকারী অর্থ উপদেষ্টা হিসাবে কাজ করেন। ক্রমান্বয়ে তিনি পদোন্নতি প্রাপ্ত হয়ে উপ অর্থ উপদেষ্টা (রেলওয়ে), এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (ডিসিএ), অতিরিক্ত অর্থ উপদেষ্টা (রেলওয়ে একাউন্টস), অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা/পূর্ব (রেলওয়ে একাউন্টস), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে এবং সর্বশেষ কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) হিসেবে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন।